


# তিতুমীর কলেজ ছাত্রলীগের বিরুদ্ধে সাংবাদিককে পেটানোর অভিযোগ

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ২৩ মার্চ ২০২৪, ১৪:২১



আহত সাব্বির আহমেদ। ছবি: সংগৃহীত

ইফতার সেরে ফেরার পথে এক গণমাধ্যমকর্মীকে পিটিয়ে গুরুতর আহত করার অভিযোগ উঠেছে সরকারি তিতুমীর কলেজ শাখা ছাত্রলীগের বিরুদ্ধে। গতকাল শুক্রবার সন্ধ্যায় কলেজের সামনে এ ঘটনা ঘটে। আহত সাব্বির আহমেদ দৈনিক সময়ের আলোর প্রতিবেদক ও একই কলেজের সাংবাদিক সমিতির সাবেক সভাপতি। বর্তমানে রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

আহত সাব্বির জানান, তিতুমীর কলেজ শাখা ছাত্রলীগ নেতা এস এম ইমরুল রুদ্রর নেতৃত্বে ২০-২৫ জনের একটি দল তার ওপর হামলা চালায়। ফেসবুকে একটি পোস্ট দেওয়া নিয়ে তার ওপর ক্ষুব্ধ ছিলেন কলেজ শাখা ছাত্রলীগ সভাপতি রিপন মিয়া এবং সাধারণ সম্পাদক মাহমুদুল হক জুয়েল। সাব্বির এবং ঘটনাস্থলে থাকা তার বন্ধুদের অভিযোগ, তিতুমীর কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের মদদে তার ওপর হামলা হয়েছে। হামলাকারীরা তাকে বেধড়ক পেটানোর পর পকেটে থাকা মানিব্যাগ ও মোবাইল ছিনিয়ে নেয়।

সাব্বিরের বরাত দিয়ে সময়ের আলোর হেড অব নিউজ আলমগীর হোসেন জানান, গতকাল তিতুমীর কলেজে একটি ইফতার আয়োজনে অংশ নিয়েছিলেন সাব্বির। সেখান থেকে বেরিয়ে মূল রাস্তায় উঠতেই হকিষ্টিক বা রড জাতীয় কিছু নিয়ে তার ওপর হামলা করা হয়। পরে বন্ধুরা তাকে উদ্ধার করে প্রথমে মহাখালীর লাইফ লাইন হাসপাতালে নিয়ে যায়।

তবে সাব্বিরের ওপর হামলায় সংশ্লিষ্টতার অভিযোগ অস্বীকার করেছেন তিতুমীর কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মাহমুদুল হক জুয়েল। গণমাধ্যমকে তিনি জানান, সাব্বিরকে আমরা ভালো করেই চিনি। তার ওপর হামলা হয়েছে শুনেছি। আমি বর্তমানে মাকে নিয়ে হাসপাতালে আছি। আমার মদদে তার ওপর হামলার অভিযোগ সঠিক না।

এ বিষয়ে বনানী থানার ওসি কাজী সাহান হক বলেন, ঘটনাস্থল ও হাসপাতালে পুলিশ পাঠানো হয়েছে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ইত্তেফাক/জেডএইচডি